দৈনিক জনকণ্ঠ
তারিখ ...
পৃষ্ঠা ৩ কলাম ৩
NOV. 1 9 2002

# ঢাবি অনার্সে ১৭ জানুয়ারি থেকে ভর্তি পরীক্ষা শুরু ॥ ডিসেম্বরের তৃতীয় সপ্তাহে ফরম বিতরণ

মোশতাক আহমেদ ॥ আগামী ১৭ জানুয়ারি থেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২০০২-২০০৩ শিক্ষাবর্ষের অনার্স ভর্তি পরীক্ষা শুরু হচ্ছে। বিজ্ঞান, বাণিজ্য, মানবিক ও সম্মিলিত চারটি ইউনিটের ভর্তি পরীক্ষার ফরম বিতরণ শুরু হবে ডিসেম্বরের তৃতীয় সপ্তাহ থেকে। জানা গেছে, গত দুই বছর থেকে অনার্স ভর্তি পরীক্ষা ডিসেম্বর অথবা জানুয়ারির প্রথম সপ্তাহ থেকে শুরু হলেও গত ২৩ জুলাই শামসুন্নাহার হলে বর্বর পুলিশী হামলার কারণে বিশ্ববিদ্যালয় অনির্দিষ্টকালের জন্য বন্ধ থাকায় এবারের ভর্তি পরীক্ষা কয়েকদিন পিছিয়ে যাচ্ছে। এ ছাড়া এইচএসসির ফল বিপর্যয়ের কারণে ভর্তি পরীক্ষার যোগ্যতা নম্বর নিয়ে কি করা যায়, সে বিষয়টি চিন্তাভাবনার জন্যও কয়েকদিন সময় লেগে যায়। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ প্রথমে ভেবেছিল, যেহেতু সারা দেশে ফল বিপর্যয় হয়েছে, তাই ভর্তি পরীক্ষার জন্য প্রার্থীদের এইচএসসি, এসএসসির মোট যোগ্যতা নম্বরের ৫০ নম্বর কমানো যায় কিনা? কিন্তু শেষ পর্যন্ত এ ব্যাপারে অন্যান্য বছরের নিয়মই মানা হচ্ছে। ভর্তি পরীক্ষার যোগ্যতার ক্ষেত্রে কোন নম্বর কমানো হচ্ছে না। ভর্তি পরীক্ষাও অন্যান্য বছরের মতো এমসি কিউ পদ্ধতিতে অনুষ্ঠিত হবে।

এতসব বিবেচনা করেই কর্তৃপক্ষ ১৭ জানুয়ারি থেকে ভর্তি পরীক্ষা নিতে যাচ্ছে। ১৭ জানুয়ারি 'গ' ইউনিটের (বাণিজ্য) ভর্তি পরীক্ষার মধ্য দিয়ে এই পরীক্ষা শুরু হতে যাচ্ছে বলে সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে। এক সপ্তাহ পর পর (শুক্রবার) পরীক্ষা অনুষ্ঠিত হবে। সূত্র মতে জানা গেছে, 'ঘ' ইউনিটের (সম্মিলিত) পরীক্ষা হবে ২৪ জানুয়ারি, 'খ' ইউনিটের (মানবিক) ৩১ জানুয়ারি এবং সর্বশেষ 'ক' ইউনিটের (বিজ্ঞান) ভর্তি পরীক্ষা ৭ ফেব্রুয়ারি অনুষ্ঠিত হবে। ভর্তি পরীক্ষার ফরম বিতরণ ও জমা দেয়ার সময় ধরা হচ্ছে ১৭ ডিসেম্বর থেকে ৯ জানুয়ারি পর্যন্ত। তবে ভর্তি পরীক্ষার তারিখ ও ফরম বিতরণের সময় কিছুটা এদিক ওদিক হতে পারে। আগামী ২৩ নবেম্বর বিশ্ববিদ্যালয়ের ভর্তি কমিটির সভায় এ ব্যাপারে চূড়ান্ত সিদ্ধান্ত নেয়া হবে। এর আগে বৃহস্পতিবার ডিনদের এক সভায় এই সমস্ত খসড়া তারিখ তৈরি করা হয়। সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে। এই সব খসড়া তারিখই ২৩ নবেম্বরের সভায় চূড়ান্ত করা হবে। এদিকে ভর্তি পরীক্ষার জন্য সারা দেশে এইচএসসি পাস করা ছাত্রছাত্রীদের মধ্যে প্রতিযোগিতা হবে তীব্র। কারণ ৪৮ টি বিভাগে মাত্র সাড়ে ৪৩শ' আসন রয়েছে ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারটি ইউনিটে। গতবার এই চারটি ইউনিটের জন্য ৬৩ হাজার ছাত্রছাত্রী প্রতিদ্বন্দ্বিতা করেছিল। পরীক্ষা হয়েছিল ৭ জানুয়ারি থেকে। যদিও এইচএসসিতে ফল বিপর্যয় হয়েছে। কিন্তু ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার ক্ষেত্রে প্রতিযোগিতা আগের চেয়ে বেশি হবে বলে জানা গেছে। অন্যান্য বছরের মতো এবারেও ভর্তি পরীক্ষার যোগ্যতা নম্বর ধরা হয়েছে, বিজ্ঞানে এইচএসসি ও এসএসসিতে মোট ১৩শ' ৫০, বাণিজ্য ও মানবিকে ১১শ' ৫০ এবং 'ঘ' ইউনিটের ক্ষেত্রে অন্যান্য ইউনিটের নম্বরই প্রযোজ্য হবে। তবে এইচএসসিতে বাংলা ইংরেজীতে গড়ে ৫০ নম্বর পেতে হবে। অর্থাৎ বাংলা ইংরেজী ৪শ' নম্বরের মধ্যে ২শ' নম্বর পেতে হবে।

গত বছরের ন্যায় এবারেও ভর্তি ফরমের মূল্য ধরা হচ্ছে ২শ' ২৫ টাকা করে। ভর্তি ফরম পাওয়া যাবে বিজ্ঞানে কার্জন হলস্থ অগ্রণী ব্যাংক শাখা থেকে, মানবিকে টিএসসিস্থ জনতা ব্যাংক শাখা থেকে এবং কমার্সের প্রশাসনিক ভবনস্থ সোনালী ব্যাংক শাখা থেকে। এ ছাড়া 'ঘ' ইউনিটের ক্ষেত্রে স্ব স্ব ইউনিট ব্যাংক থেকে ফরম নিতে হবে। ফরম জমা দিতে হবে সংশ্লিষ্ট অনুষদ অফিসে। ২৩ নবেম্বর মিটিংয়ের পর ভর্তি বিজ্ঞপ্তি দেয়া হবে।